ANECDOTES ON CHRISTIAN GRACES.

পবিত্র আত্মার ফল

অর্থাং

বিক্ষাস ও প্রেম ও নমুশীলতা ও হিতৈষিতা প্রভৃতি

সদ্গুণের উদাহরণ সমূহ।

CALCUTTA:

PRINTED BY J. THOMAS, AT THE BAPTIST MISSION PRESS, FO
THE CALCUTTA CHRISTIAN TRACT AND BOOK SOCIETY.

1856.

निर्घणे।

১ অধ্যায়।

খুীষ্টেতে বিশ্বাস।

5 1	এক নাবিকের বিবরণ				• •		٠.	. >
) (মালাবার দেশীয় এক	জন :	সন্ন্যায়ি	নর বি	বর্ণ	• •		ર
۱ د	এক জন খেদান্বিত খুী	ষ্টিয়	ানের	কথা	••			O
	আফ্রিকা দেশীয় এক							8
e !	তামস উঘেডরেল				• •			۵
91	দক্ষিণ আফুকাদেশীয়	त्र श्री	ষ্টিয়ান	লোক	विदिश	র বিষ	য়	20
91	এক গুবতী ক্রীর বিবরণ	١	• •		••			2,4
6	গ্রীযুক্ত বিশপ বেবেরিছ	ñ	• •		٠.	• •		24
۱۵	এক জন আ্মেরিকাদে	শীয়	ধর্মো	भटन ः	াকের	বিষয়	• •	22
ا ہ (ফুাস্কীত লাজার্স				• •			२०
۱ د د	এীযুক্ত জেম্দ দ্রহাম					• •		રંક
३२ ।	ত্রীযুক্ত ডাক্তর সিম্সন							२ ७
100	এীযুক্ত সেল্ডন সাহে চ	বর	বিষয়					२8
8 1	এक ज्ञन कृषरकत विषर	1	• •					२@
201	मश्राम कमिन		• •	• •	• •		••	२७
		· •	মধ্যায়			,		
	<u> প্</u> থীষ্টে	র গু	ণ্ড ে	প্রম।				,
> 1	ধর্মার্থে হত লোকের	বিষয়	ı					२१
२ ।	करर्गन भाविमनव			• •		••		39
01	खेवर्त खाटातिका वर्ग	ोश है	<u>কীয়ান</u>	ताकि	न्त ति	तत्रश		32

৪। যুদী আটল	22
ে। পাসিফিক উপদীপের বিষয়	22
ভ ৷ এক কারেণ ক্সীর বিষয়	98
৭। এক জন বৃদ্ধ উপদেশকের বিষয়	98
🗷 অধ্যায়।	
ক্তজ্ঞতা	
১। এক দুঃখিনী ব্রীর বিষয়	20
२। मुक्तियो त्मदीत विषय	99
৩। এক ধার্মিক পরিবারের বিষয়	99
😮 । श्रीयूक्ट (स (दु) । भारित	24
🕲 । জামেকা উপদ্বীপস্থ এক জন হাপ্সির বিবর্ণ	95
ও। এক দাসীর বিষয়	8 •
৭। এক জন ধার্মিক হাপ্সির বিবর্ণ	82
🕨 । এक महिमून खींद दिवय	80
৪ অখনায়।	
পবিত্র ডয় ও আদর।	
১। হক্ষারি দেশের অধিপতির বিষয়	85
২। উয়াল্সিৎ ঘাম নামক রাজমন্ত্রির বিষয়	84
৩। সর জান্মেসন্	82
৪। ডাক্রের দন্	85

৫ অধ্যায়।

নমুশীলভা ।				•				
	আগম্ভীন							
	এক জন ইণ্ডীয়ান যোগ							6.
01	ডাক্তর মেসন সাহেব	••	• •		• •	••	• •	¢ >
8 1	জান নিউটন	• •	• •		• •	• •	• •	62
@ 1	এক জন যুব সৈন্যের	কথা	• •		• •	• •	• •	CS
51	আীযুক্ত জেম্স হর্বি	••	••		٠.	• •	• •	67
91	রেনল্ডস্ সাহেব		••	• •	••	••	••	٥٠
b 1	এक জন উচ্চ পদস্থ দে	ণাকের	বিষয়	• •	••	• •	••	90
	৬ অধ্যায়। ক্ষমাশীলতা।							
3 1	এ যুক্ত মন্মোথ সাহে	ব						95
ર ા	এ যুক্ত ডিরি° সাহেব	• •		• •		• •		99
	শ্রীযুক্ত জন এলিয়ট							
	আলেক্সান্তিয়া নগর							
41	ঞ্জীযুক্ত কিল্পিন সাংখ	হৰ	••	••		••	••	33
91	এীযুক্ত লী রিচ্মও	• •	• •			• •	• •	95
91	विश्वक माभूरशंल পिश	र्भ	• •	• •	• •	• •	••	49
71	এক জন আমেরিকাদে	नीव्र	ধার্মি	হ জো	কের,	বিষয়	••	94
۱ 🕿	ডাকুর ওয়াল	• •	• •	• •	• •	••,	••	94
	वियुक्त ७७ मारहत							92
	আমেরিকা দেশীয় এ							
>१।	এমুক্ত ফিলিপ্ হেনরি		• •	• •	••	• •	• •	95
100	ভাক্তর বুর্হাব	• • ,	*_ + #	• •	• •			931

১৪। জান কুন ., ১৫। তাড়নাগুস্ত খুীফিয়ান ব্যক্তির বিবরণ		12
🥱 অধ্যায়।		
সাহ্য ও নির্ভয়তা।		
১। ভাড়নাগুস্তা নারীর বিবরণ 🔐 😘 👑	9	2
२। दिग्नेश छ्लद्	9	C
🕲। হাপ্সি বাদ্যকর	٠. ٩	8
🛾 ৪। খ্রীফীধর্মাবলম্বি এক জন ভুকক লোকের বিষয়	9	9
৫। তুরুক দেশীয় আর এক জনের কথা		8
৬। পাদিফিক সমুদ্রের উপদ্বীপস্থ এক ব্যক্তির বিবরণ	>	9
৭। কংপেল্ পাদিনির	٢	6
৮ অধ্যায়।		
হি তৈষিতা।		
১। এক জন যুধ শিক্ষকের কথা	b	۵
२। এक विश्वसामिति विवर्ण	>	>
🗢। विশপ वर्षण् 👉 \cdots \cdots \cdots	»	>
৪। জন ফুেচর	>	2
৫। জর্মাণি দেশীর এক জন খ্রীফীয়ান ব্যক্তির বিষয়	%	0
৬ ৷ আমেরিকা দেশীয় এক ব্রীর বিবরণ	>:	8
৭। এখিবুক মাথিউ হেনরি	>	
😼। এक जन मजुद्दत् विषत्ण	>:	
৯। স্কট্লখের পর্বতীয় লোকের বিবর্শ ১০। এক জন যুবতী খুীফিয়ানীর বিবর্শ		۹' ,
(১০) এক জন যুবতা খুমিটয়ানীর বিবরণ · · · • • ·	»:	2

331	এक मीनहीना खीत विवत्न 💴 💀 💀 💀	200
>2 1	🏙 घूट जन अलि शां हे	200
301	এক জন মনঃপরিবর্তন প্রাপ্ত বিভূদি লোকের বিবর্ণ	.> • 3
180	তৃতীয় জর্জ নামক ইৎলগীয় রাজার কথা	2 0 5
) & I	मीनशीना (পिशि नाम्नी मामी ह विरह्म	>06
351	ত্রীযুক্ত ফ্রাঙ্গে সাহেবের কথা	200
591	জান হৌয়ার্ড দাহেবের কথা	225
241	बीधूक उँदेन्दरकर्म मारश्दर कथा	>>>
	🕽 অধ্যায়।	
	ভুাতৃপ্রেম।	
	সেণ্ট হেলীনা উপদ্বীপস্থ খ্রাফিয়ান লোকদের কর্থা	
۱ ۶	এক জন উচ্চপদস্থ লোকের কথা	255
01	ক্ষেনান্দন্	250
8 1	এক জন খ্রীফীয়ান স্ত্রীলোকের কথা	> ₹8
& 1	এক জন হাপ্সি দাসীর বিবর্ণ	250
	Who well provided to the state of the state	
	🕽 ০ অধ্যায়।	
,	ঈখরেতে নির্ভর ও তাঁহার ইচ্ছাতে সন্তোষ।	
2:1	কেট্টরিৎ নগরবাসি এক স্কম খ্রীষ্টিয়াচনর কথা	>२१
	এক জন ক্লিষ্ট হাপ্সির বিবরণ 😘 🙃 🙃	
	এক দৃঃখিনী মাভার বিবরণ	
	ধার্মিক মোরেবিয়ান লোকদিগের কথা	
	এক তাড়িতা স্ত্রীর বিবরণ	
91	যোনাথন	>051

- १। त्यक्री नाम्नी अक खन्ना छोत् विश्वन	• •	28.50	* *	202
🕦 বধির ও মুক বালকের বিষয	• •	• •		202
৮। বধির ও মুক বালকের বিষয ৯।.একটি গ্রামা স্ত্রীলোকের বিবরণ	••			>82
> । लार्ड त्रक्त्वन		• •	••	584
১১ । একটি হাপ্সি ক্রার বিবরণ				
३२ । এकर्ष चुोकियांनी खीत विवत्ता				
Account and the second				
५५ अधाय।				
Alexander from a comme	ashi i			
পরকাল বিষয়ক প্রত্যা	-11 [
३। डाकृत अयाष्य				>8¢
১। বিশ্বপ সউলস সাহের				286
২। বিশপ বট্লর সাহেব · · · · · · · · · · · · · · · · · · ·		• •		>83
 अक जन आद्मितिका (मनीय उपादनाट) 	 इ.स. जिल्ल	্য মুসা		404
 क अन वृक्ष श्री कियादन दिवश 				
ও। জর্জ মৈর	• •	• •	••	3 W #
🕽 🐫 অধ্যায়।				
মরণকালে আনন্দ	ı			
ः अस्तिकार्श्य विवयं				>#'>
 ১। পলিকার্পের বিবরণ ২। পর্পেত্য়া নাদনী জীব মরণ বৃষ্ াত্ত্ব। 				>40
ক ে এক জন কাঞ্চিদ বিবৰণ			A 1	763
৩। এক জন হাপ্সির বিবরণ 😘 🕠		_		202
৪। ডাকুর জান লেলাও	,	••		446
 काकवाद मृज्य 	• •	• •	• •	

পবিত্র আত্মার ফল।

> অধ্যায়। শ্ৰীক্টেতে বিশ্বাস।

)। এक नोविरकत्र विवत्र।

কতক বৎসর হইল স্তুয়ার্ট নামে এক সাহেব আমে-রিকা দেশীয় কোন যুদ্ধজাহাজের পৌরহিত্য পদে নি-যুক্ত হইয়া দেই জাহাকে পাদিফিক মহাদাগরে স্থিত অনেক উপদ্বাপে বিশেষতঃ সাগুইচ নামক উপদ্বাপসমূহে গমন করিলেন। সৈই জলযাতার বৃত্তান্ত তিনি যে পুস্তকে লিখিরাছেন, তন্মধ্যে তিনি কহেন যে আমেরিকাছইতে যাত্রা করণানন্তর দীর্ঘ সমৃদুপথে গ্রমন করণ সময়ে তিনি নারিকদিগকে ধর্মশিক্ষা দেওয়া আপনার কর্ত্তরা कान कतिरालन, এव भार अप ए निव्नुल नरह देशाह পুমাণও পাইলেন। এক জন নাবিক শিক্ষা পাইয়া পরিতাণের বিষয়ে খ্রীষ্টের উপরে নির্ভর করিতে প্রবৃত্ত ছইল। কিছু দিন পরে থেদান্বিত ও পরিত্রাপের আ-काद्धि चांत्र अक नावित्कत गरिंड माके इंहर्रन छा-शास्त कहिल, भूट्य यामिश वह अवसार हिलाम; विश्वाम कि, जब काधाम भाउम गाम, जोहान किहूह জাত ছিলাম না। বিশ্ব সমুখি তাহা জানি, এবং বোধ

হয় আমার বিখাস আছে: তথাচ বিখাদের নির্ণয় ও তাহা পাইবার উপায় ক্লফ্টরূপে বর্ণনা করিয়া ভোমাকে বলিতে পারিব কি না এ বিষয়ে আমার সন্দেহ আছে ৷ কেবল ইছা জানি যে মদ্যপানাদি প্রকাশ্য পাপক্রিয়া ভাগে করিলেই বিখাদ হয় না, আর ধর্মপুস্তকের পাঠ ও প্রার্থনা ও সদাচরণ করিলেই বিশাস হয় না। এই সকল উত্তম বটে, কিন্তু ইহার দারা পূর্মকালে কৃত পাপরপ ঋণের পরিশোধ হয় না। তুমি যাহা ২ করি-রাছ কিয়া যাহা২ করিবা, তাহার কোন জিয়াদারা বিখাদ হয় না। शीक যাহা করিয়াছেন তাহা नতा জ্ঞান করিয়া তাহার উপরে নির্ভর করিলেই বিশ্বাস হয়। शीके পাপের জন্যে আপন রক্ত বায় করিয়া মরিলেন, ইহা নিশ্চর জানিযা তাঁহার অনুরোধে পাশ ত্যার করণপূর্ত্তক পাপবিমোচনের আশাতে ও অমর আত্মার পরিতাণের আকাদ্ধাতে থ্রাফ্টের অপেকা করাই বিশ্বাস। এডডিন আর কিছু নাই। ঐ অজ্ঞান নাবিক এই গুরুতর পুনঙ্গের যে সহজ ও শাস্ত্রসমাত वर्षमा कतियाछिएनन, उपराशका उत्तम वर्गमा कान् किन ষান গোক করিতে পারেন?

२। मानावात प्रभोश अक जन ममानित

खांत्र छवर्द्यतः मिक्किन शिक्ति ममूनुकोत्रतक भागानात्रः 'रान वंगाः घातः। राष्ट्रे राज निवानि अक तीम मूक्षी प्रमुक्तिः

बाशन शास्त्र श्रायम्ब क्रास्त्र डेशांग्र कानियांत्र नि-ब्रिक्ड खरनकर विख्व द्वाञ्चन ও পঞ্চিতদের मधील नियान ছিল। শেষে তাহার। তাহাকে ছিন্নাগ্র প্রেকরিশিষ্ট পা। দুকা পায়ে দিয়া আড়াই শত কোশ দূরবর্ত্তি কোন তীর্থ-স্থানে যাত্রা করিতে আজা করিল; তথাপি বলিল, যদি क्कन्यका (नोर्सन) किया क्रांडि श्रयुक्त शर्थ विद्याप করা আবশ্যক বোধ হয়, ভবে আবেগগা ও সবল হওন পর্যান্ত বিশম্ব করিতে পারিবা। তদনুসারে যাত্রা করিয়া এক দিবস অন্যান্য অনেক লোকের সহিত কোন বৃহৎ बुक्काल विनित्न এक जन शामती मारहव उथाय आमिया তাহার কর্ণগোচরে ঘোষণা করিতে লাগিলেন। তাঁহার উপদেশের সার এই শান্ত্রীয় বচন; যথা, "ঘীর ধ্রীষ্টের রক্ত তাবৰ পাপহইতে আমাদিনকে পরিষ্কৃত করে।" ১ যোহন ১; १। ঐ পাদরী সাহেবের এমত উপদেশ অৰণকালে উক্ত যাত্ৰা হচাৎ গাত্ৰোপ্ধান কৰিয়া যন্ত্ৰণা-দায়ক পাদ্কা দূরে ক্লেপণ করিয়া বলিল, ইহাতে चामात चात कि প्रशाकन ? थे मार्ट्स्त वारकार ष्णाभाव प्रत्नावाष्ट्रा शूर्न रहेन। उनविध शुरिकेंद्र दक সকল পাপহইতে পরিষ্কার করে, তাহার এক জন প্রকৃত দাক্ষী দেই ব্যক্তি হইল।

१। अरु जन (थरानियु श्रीष्टियात्मत्र कथा।

পক থার্মিক তাজি সতা বিশাসের তত্ত্ব-কানিবার চেটাতে বাকুল, হইয়া আপন উপদেশকের নিকটে। গিয়া সকল সম্পেই তাঁহাকে জানাইল, বিশেষতঃ তাঁল হাকে কহিল, আমার অপরাধ অতান্ত জারী, ক্ষমা পাল ইবার সম্ভাবনা নাই, এমত বোধ করাতে অতিশয় ভীত হইয়াছিলাম; অনন্তর এই বিষয়ে ভাবনা করিল তে২ "ধীতা থ্রীষ্টের রক্ত ভাবৎ পাপহইতে আমাল দিগকে পরিষ্কৃত করে," এই ধর্মশান্ত্রীয় বচন মনে পাড়িলে তাহাতেই দৃঢ় নির্ভর করিবাতে আমার ভয় গেল। ইহা তানিয়া উপদেশক তাহাকে বলিলেন, ইহাই সতা বিশাল। অতথৰ তাহার তত্ত্ব জানিতে আর বাস্ত হইও না।

8। আফ্রিকা দেশীয় এক জন জীত দাসের বিবরণ।

পূর্কেললে আমেরিক। দেশস্থ ইউরপীয় ধনি লোকেরা আফুকা মহাদাপহইতে আনিত দাদদিগকে পশুর নাায় কেয় করিয়া রাখিত, এবং কোন ২ অঞ্চলে দেই রীতি অদ্যাপি প্রচলিত আছে। দেই সকল দাদদের অবস্থা কটিন ছিল, কেননা তাহাদের কর্তারা তাহাদের প্রতি অতি দুরস্ত ব্যবহার করিত। পরে ইউরপ্রইতে মুল্মিটার প্রচারকর্যাণ তাহাদের নিকটে প্রেরিত ইইলো নেই দুর্যো লোকদের মধ্যে অনেকে চেতনা পাইয়া খ্রীফেতে বিখাল ও ইখরের প্রতি মনঃপরিবর্তন করিলা ভাষা-দের মধ্যে এক জন আপন মনঃপরিবর্তনের বিবিরণ করিন বালের দের মধ্যে এক জন আপন মনঃপরিবর্তনের বিবিরণ করিন বালের দিরা এক জন আপন মনঃপরিবর্তনের বিবিরণ করিন বালের দিরা নির্যাণ ও দিন রবিবার আমি অনেকাদেক দালের দিরা নির্যাণ বিনা বিবার আমি অনেকাদেক দালের দিরা ভাষান ও মদ্য ধাই তেতিলাম,

এমত সময়ে হঠাৎ দেখিলাম যে অনেকং হাপ্লি শীষ্ मोि इश डेरिक अद्भारत "शामती र" विनया अक नातिरकन ৰুক্ষ তলে একত্ৰ হইতেছে। তাহাতে আমরা নৃতন প্রকার बना शत्र जाविया गिकावार्थ धनुर्खान महेया ज्थार हिन-বাম। নিকটবর্ত্তা হইয়া দেখিলাম, কাল রঙ্গের বস্ত্র পরিছিত এক জন সাহের মঞের ন্যার উচ্চ প্রস্তুরে দাঁড়াইয়া আছেন। তিনি আমাদিগকে কহিদেন, তোমরা मকলে হাঁটু গাড়, আমি তোমাদের নিমিত্তে প্রার্থনা করি। তাহাতে আমরা দকলে ভূমিতে উবুড় হইয়া পড়িলে তিমি এই রূপ প্রার্থনা করিলেন, "পরমেশ্বর আমাদিগের পুতি পুদন্ন হটয়া অবলোকন করুন, কারণ আমরা দান হান পাপি লোক, তাঁহার অনুগুহ পাইবার আ-কান্ধ্রাতে একত হইয়াছি; এবৎ আমরা যেন ধর্মপুস্তক বৃক্তিতে পারি, এই নিমিতে পরমেশ্বর আমাদিণের জ্ঞান-চক্ষু প্রদন্ধ করুন।" তৎপরে তিনি এক পুস্তুক খুলিয়া বলিলেন, প্রভু যাস্ত খ্রীফেতে বিশাস কর, তাহাতে পরি-জ্ঞাণ পাইবা। তদনন্তর দ্যাময় ত্রাণকর্তার বিষয়ে অনেকঃ কথা বলিলেন, অর্থাৎ তিনি স্বর্গায় মহিমা ত্যাগ করিয়া এই জগতে. আদিয়া পাপিষ্ঠ লোক যে আমরা, আমা-দের নিমিত্তে দুঃশ ভোগ করত আপন রক্ত ব্যয় করিয়া মরিলেন; আর ডিনি পীড়িত লোকদিগকে সুস্থ করিতেন, ও থঞ্জদিগকে চলংশক্তি দিতেন, ও অশ্বদিগকে চকু मान कतिरखन, अव९ प्रज लाकिनिशस्क शान मिरछन; अरे अकरनत वर्गना कतिरनम । **अरे कथा एनिया** जामि বড় আনন্দিত হইলাম কারণ আমার বুবা মাতা পাড়া-

গ্ৰস্তা ছিল অভএব আমি মনে ২ ভাবিতে লাগিলাম, কি जानि. हेनि তाहास्क जान कतिरवन। অনন্তর তিনি विन-লৈন, তোমরা পাপ রোগে দ্বোগগুম্ভ এবং শত ২ দোষ-রূপ হ্নত ও কালশিরাতে ক্লেশ পাইতেছ; কিন্তু গুীষ্টেতে বিশ্বাদ করিলে তিনি তোমাদিগকে ভাল করিবেন। তিনি আরও বলিলেন, তোমরা পারমার্থিকরপে থঞ্জ যেহে-তৃষ্ণ তোমাদের চরণ বিপথে উছোট থাইয়াছে. কিন্তু থীষ্ট সত্য ও জীবনরপ পথ। তোমরা পাপে ও অপ-রাধে মৃতবৎ আছ. কিন্তু তিনি এই মৃত্যুর অবস্থাহইতে তোমাদিগকে জাগৎ করিয়া পবিত্র স্বভাবস্থরপ ন্তন জীবন দিতে পারেন। তদনন্তর আরও বলিলেন, যাহার। শিকারাদি কর্মে কিয়া মদাপানাদি সুথভোগে প্রভর দিন অর্থাৎ রবিবার যাপন করে, তাহাদের প্রতি ইখরের ক্রোধ বর্তে: এর ে তোমরা যদি এই রূপ পাপেতে মগ্ন হইরা থাক, তবে নিতান্ত বিনষ্ট হইবা। তদনন্তর অন্তঃকরনে ধে দকল কুচিন্তা স্থান পায়, বিশেষতঃ কেছ আমাদের প্রতি অন্যায় করিলে যে দারুণ হিৎসাভাব জন্মে, তাহার ্ষর্ণনা তিনি করিতে লাগিলেন। তথ্ন কোন লোক আ-মার সমস্ত পাপ পাদরী সাহেবকৈ জ্ঞাত করিয়া থাকিবে. জামি এমত ভাবিতে লাগিলাম, কারণ তিনি কেবল জামার প্রতি দৃষ্টিপাত করিতেছেন, আমার এমন বোধ হুইল। অতএব আমি পলায়ন করিব, এই চিন্তা করিতে লাগিলাম, কিন্তু পাছে তিনি আমার পশ্চাৎ দৌড়িয়া আ-মাকে ধরিয়া আমার দণ্ড নিরপণ করেন, এই ভরেন্ত ्रम् क्रिया प्रदिलाम। देशह कात्रन **वरे, आमारमह**ेकम् । ধাক্ষ পূর্ফে আমার প্রতি মহা দৌরান্ম করাতে আমি এক मिन धनुर्खान नरेशा वतन छै। हात शख्या शास्त्र शास्त्र वित्रा डाँशांत अपय लका कतिया वान मातिया हिलाम: কিন্তু দেই বাণ তাঁহার বুকে না লাগিয়া পায়ে বিদ্ধ হইয়া থাকিল: তাহাতে তিনি অনেক দিন পর্যান্ত ধঞ্জ ছিলেন, কিন্তু এ প্রকার কর্মা কে করিল তাহা কথন জানিতে পারিলেন না। ঐ পাদরী সাহেব তাহা দেথেন নাই: ইহা আমি নিশ্চর জ্ঞাত ছিলাম: অতএব প্রমেশ্বর আ-পনি তাঁহাকে ঐ ঘটনা জানাইয়া থাকিবেন, এমন অনু-ভব করিতে লাগিলাম। তথন আমার মন্তকাবধি পাদ পর্যান্ত সর্বাঙ্গ কাঁপিতে লাগিল; আমি কি করিব, তাহা স্থির করিতে পারিলাম না। তদনস্তর তিনি কহিলেন, যীষ্ট শীষ্ট অতান্ত দুষ্ট লোকের জন্যেও মরিলেন। এবং কৃষ্ণ-वर्न कि तोत्रवर्न এव॰ मांग कि मूक, य कान मूत्राहात লোক হউক, মনঃপরিবর্ত্তন পূর্ব্বক গ্রীষ্টেতে বিশ্বাস করিলে সকলে পরিত্রাণ পাইবে। তাহাতে আহ্লাদ-প্রযুক্ত আমার ছদরের স্কৃত্তি হইতে লাগিল; এবং আমি নেজজলাভিষিক্ত বদনে চেঁচাইয়া কহিলাম, আহা ২'! আমি মহাপাপী, কিন্তু আমার নিমিত্তেও যান্ত প্রাণ দিলেন। পরে আমি দণ্ডবৎ হইয়া ক্লণেক কাল প্রার্থনা করিলাম, অনম্ভর ঘরে গিয়া পিতা মাতাকৈ কছিলাম, ब्रिडिशि है । त्रांक लाटकता आमारमंत्र काटक महावान अक जन उभारमांक भागित्या मियारहन। उथन जामाव ৰুদ্ধা মাতা অতিশ্য পাড়িতা ছিলেন; অতথৰ উপদেশকের मूर्य जानकर्वात कथा छनियात जानारक केंक्रारक राज्

शिएक बान्द्रा कविरागमा. (गरइकुक किनि मत्न ममस निक्रके জ্ঞান করাতে ভাবি বিচারদিনের তয় প্রযুক্ত কল্লিডা हिल्न। शत त्रविवादक धावनात शत जामि उभरमन শকের নিকটে গিয়া, আমার মাতা মৃতকল্পা, আপনি चानिया उँहात পतिजात्नत निमित्त शार्थना करतन. अह ভাঁহার দৃঢ় বাঞ্চা, এই কথা দাহদপুর্বক কহিলাম। তদনমুর উপদেশক পথ দেখাইতে আজা করিয়া আ-মার সঙ্গে আইলেন। পথের মধ্যে আমাকে জিজাসিলেন পাপিদের জন্যে যিনি প্রাণ দিয়াছেন, দেই তাণকর্ত্তা-কে কি ভুমি প্রেম কর? আমি বলিলাম হাঁ সাহেব, কারণ মদাপি আমি পাপী ও অনন্ত নরকের যোগ্য. ভথাপি তিনি আমাকে প্রথমে প্রেম করিলেন এই জনো তাঁহাকে প্রেম করি: এবং তাঁহার দন্নিধানে গেলে অত্যন্ত দুরাচার যে ব্যক্তি নেও রক্ষা পাইবে এই কথা আপনি আমাকে বলিয়াছেন, সেই জন্যে আপনাকেও প্রেম করি। তথন তিনি বলিলেন, যদি ভাণকর্তাকে প্রেম কর, তবে তাঁহার পুষ্তকে যে দকল আজা লিথিত আছে, ভাহা পালন করিয়া মন্দ আচরণ ত্যাগ করণ পুরুক অন্তঃকরণের দহিত তাঁহার দেবা করিতে অবশ্য ভো-মার বাঞ্চা হইবে। তাহাতে আমি বলিলাম, আমি বিশাদবারকে আর কুচ্ছ না করিয়া দত্যরূপে পালন করিব। পরে তিনি জিজাদা করিলেন, লেখা পড়া জঞ मिर्ड (डाप्नात हेक्का चार्ड कि ना? चाप्ति बनिकास, हैं। मारहर : किस बामारक निका भार अपन लाक नाहे। • जाहारक आहे शिक्ष मारहव जामारक वनिरमन, कृषि श्रक्ति

রবিবারে আমার ছারে ফাইও; তোমাকে শিক্ষা দিতে আমার অহকাশ নাই. কিছু আমার মেম সাহেব ভোদ্মাকে শিথাইকেন। যথন ভালরপে পড়িতে পারিবা, তথন আমি ভোমাকে তাণকর্তার প্রসঙ্গ সম্বলিত এক-থানি ধর্মপুষ্ক দিব। এই কথা তানিয়া আমি অতান্ত আফ্লাদিত হইলাম।

৫। তামস উয়েডরেল।

ইপলগু দেশীয় রাবর্ট জনসন নামক এক জন ধর্মো। পদেশক লিখেন, আমার বাদস্থানহইতে কিঞ্ছিৎ দূরবর্ত্তি কোন গ্রামে তামদ উয়েডরেল নামে এক জন ধার্মিক লোক বাদ করিতেন: বিএশতি বংসর হইল তাঁহার সহিত আমার বন্ধতা ছিল। এক দিন আমি তাঁহার পাড়ার সং-ৰাৰ পাইয়া তাঁহাকে দেখিতে ঐ গ্ৰামে গেলাম। পরে নিকটে উপস্থিত হইয়া বলিলাম, আমি তোমার পুরাতন মিত্র, তোমার সহিত সাক্ষাৎ করিতে আইলাম। আমি না পৌছিতে পাছে তুমি স্বর্গে গমন কর, আমার এমন ভাবনা ছিল। তিনি উন্তর করিলেন, ও মহাশয়, বোধ হয়, আমি কথন স্বর্গে ঘাইতে পাইব না; কারণ আমি পথ হারাইয়াছি। চল্লিশ বৎসর পর্যান্ত পরিতাশ বিষয়ে জামার দৃঢ় প্রত্যাশা ছিল; এই কেণে বাধা পাই-ক্লান্তি, এবন অন্য লোকদের বাধায়রপ হইয়াছি। ইহাতে আমি কহিলাম ভোমার এই রূপ কুমভাব ইইয়াছে, हेहाएए जाति पृश्विष जाहि: खंडवर खात्राह वर्धारन

श्रीका निकारशायन विक जूमि मूर्वामात रहेगा मार् मারিক লোকের সঙ্গ ভাল বাস। তিনি তৎক্ষণাৎ বলি-শেন, এমত নয়ং, আমি তাহাদিগের সঙ্গ সহা করিতে পারি না। আমি বলিলাম দৈ ভাল, ইহাতে তুমি নিশ্রু জানিতে পার, যে যাহাদিনের সঙ্গ ও ক্রিয়া ভোমার এমঙ খুণার্ছ বোধ হয়, তাহাদের দঙ্গে বাস করণার্থে পর-মেশ্বর তোমাকে কথন নবকে নিক্ষেপ করিবেন না আমার এই রূপ বাকে)তে তিনি অতি চমৎকৃত হই-লেন। পরে আমি আরও বলিলাম, ছে বন্ধো, অনুগুছ করিয়া তোমার দুংথের সমস্ত বৃত্তান্ত আমাকে বল। ভাষাতে তিনি বলিলেন, কিছু দিন হইল আমি পক্ষাঘাতী ইইয়া অতান্ত পীড়িত হইয়াছিলাম, তৎকালে আমার मन देशदर्श आस्नामिल हिन। नकल तांथ करिन যে ইনি মরিবেন, এবং আমিও দেই প্রকার ভাবিতে-ছিলাম, এবন মৃত্যুর অপেক্ষাতে সৃষ্ট্র ও আনন্দে প্রফুর ছিলাম। পরে সকলের আশার বিপরীত হইল, অর্থাৎ আমি কিঞ্ছিৎ সূত্র হুইয়া ইতন্ততো বেড়াইতে লাগিলাম; পরস্তু দৌর্ফ্রলা কশতঃ কোন কর্ম করিজৈ পারিলাম না। আমার বিবাহ কথন হয় নাই, এবং আমি পরিঅমদারা ন্যনাধিক এক সহসু টাকা সঞ্জ করিয়াছিলাম; তথাপি পীড়ার কালে আমার মনে এই क्तिंद उनग्र इहेन, कि जानि, उह्कान अहे सीखनाक ङ्गां शिकित्त इहेरत, जारा इहेरन आप्रात नकन हो की বার ইইয়া ঘাইবে, সুতরা আমি বন্ধু বান্ধবগণের 'গলগুৰ হইব। এই রূপ চিস্তা করাতে আমার অন্তর্মে

দীশবের প্রতি অবিখাদ ও আপন ডাকি: অবস্থা বিষয়ক সম্পেহ ও ভয় উপস্থিত হইতে লাগিল। তদ্বারা আমি পৰিত্র আত্মাকে বিরক্ত করিয়াছি, এই জন্যে প্রভূ আ-মাহইতে আপন মৃথ আচ্ছাদন করিয়াছেন, তাহাতে আমি কুণ্নমনা এবং নৈরাশারপ অন্ধকারে মধ হইলাম। বন্ধ এই প্রকার কথা সমাপ্ত হইলে আমি বলিলাম হে ভাই, আমি ভোমার দশা বৃক্তিলাম; ভোমার শরী-বের ন্যায় মনও পাড়িত হইয়াছে: এবণ তোমার এমত দৌর্জন্য দেথিয়া শয়তান ভোমাকে ব্যাকুল করিয়া যক্ত্রণা দিতেছে। তোমার দুর্গতি প্রযুক্ত তুমি ভাহার দলে তর্ক वि-ভর্ক করিতে ও তাহাকে দৃঢ়রূপে প্রতিরোধ করিতে পার না, কারণ দে তোমাহইতে চতুর ও বলবান। দে যাহা হউক, এখন ভুমি পরমেশরের প্রতি মনঃসংযোগ কর। যান্তর প্রতি দৃষ্টিপাত করিলে তিনি অবিলয়ে তোমার শতকে দমন করিবেন। এখন তুমি শিথিল তারযুক্ত (वराना यत्रस्त्र)। (मरे (वराना वाकारेल प्रधूत सूत्र নির্গত হর না, ইহাতে বেহালার অন্য দোষ নাই; কেবল জার সকল শিথিল হইয়াছে।

ইহা শুনিয়া তিনি অতিশয় বাগুতাপূর্বক পুতৃত্তর করিলেন, তুমি কি যথার্থ এই রপ বিচার কর? আমি বিশেলান, অবশা; আর আমার কথা যথার্থ, তাহা নিশুর জানি। প্রমেশর তোমাকে আর কৃপা না করিয়া জাগা করিয়াছেন, ইহা তুমি মনে ভাবিতেছ, কিন্তু তাহার অভিতায় কারণ এই যে তোমার শরীর ও মন পাছিত ও দুর্বন হইয়াছে। তুমি আগকর্তার প্রতি দুর্বি-

পাত কর: তিনি যে দৃংথভোগ ও পরীকা সহা করি-য়াছেন, তৎপ্রযুক্ত পরীক্ষিতদিনের উপকার করিতে পারেন। এই বিপদের সময়ে তাঁহার নিকটে প্রার্থনা করিলে তিনি অবশা ভোমাকে পরিত্রাণ করিবেন, তা-হাতে তুমি তাঁহার প্রশৎসা করিবা। তৎপরে আমরা একতা প্রার্থনা করিলে তিনি বিলক্ষণ আশ্বাস পাই-শেন: এবং অলু দিবদ পরে আমুরিক ভয়হইত্তে मध्युर्न मृक्ति পाইया विश्वामधावा आख्नाम ও শান্তিতে পরিপূর্ণ ইইলেন। কিয়দিবস পরে সম্ভাইমনা ও সুস্থ-শরীর হওয়াতে আপনার বাদস্থানহইতে ইয়র্ক নগরে আমার কাছে আসিতে ইচ্ছা করিলেন: কেননা পর-মেশ্বর তাঁহার পুতি যে কৃপা করিয়াছেন, তাহা আমাকে জানাইতে তাঁহার বাঞ্চা ছিল। অতএব এক দিন প্রাতঃ-कारन जिन खिं श्रृहास उठिया यर्थकिक स्की था देश শ্বরের লোকদিগকে বলিলেন, আহার প্রস্তুত হইলে আ-মাকে ডাকিও। এই আজানুসারে কিঞ্চিৎ কাল পরেই ভাহারা ভাঁহাকে ডাকিল, পরে কোন উত্তর না পাও-য়াতে ভাঁছার শয়নাগারে উচিয়া গিয়া দেথিল, তিনি শযার উপরে আপনার সম্থে একথান থোলা ধর্ম-श्रुष्ठक दाथिया जाशनि गयात शार्थ राष्ट्र भाष्ट्रिया অবাকৃ ও মৃতকল্প হইয়াছেন। এই রূপে তিনি ইয়ার্ক नगद्य नमत्त्र शतिवार्ख देशद्वत छेन्।।तन्त्र मिता, अर्थ्वार य द्वारन शीषा ७ क्रिंग ७ मृथ्य नाहे, महे सर्वभूद्र शमन क्रिट्नन।

শ দক্ষিণ আফুিকাদেশীয় খ্রী ষ্টিয়ান লোকদিগের বিষয়।

লণ্ডন মিশনরি সোদাই চীছারা দক্ষিণ আফুিকাদেশীয় লোকদের যে উপকার হয়, তাহার বিবরণ অনেক বার প্রকাশিত হইয়াছে। এই পশ্চাল্লিথিত বৃত্তান্তদ্বারা আরো জানা যায়।

এক জন মিশনরির সহিত দেশ ভুমণ কালে আমরা এক দিবস সন্ধ্যাকালে বেথেল্সদর্প নামক গ্রামছইতে ত্রিশ ক্রোশ দূরবর্ত্তি কোন নির্জন স্থানে উপস্থিত হইলাম। দেই স্থানে এক জন বৃদ্ধ দাদের গৃহ ছিল। সে কিয়ৎকাল পূর্বের গ্রাট্টীয় পর্ম গুছণ করিয়া এক জন ভূমাধিকারি কর্তৃক ভূমির অগ্যক্ষপদে নিযুক্ত হইয়াছিল। আমরা কোন বৃক্তের তলে অগ্নি ছালা-ইয়া তাহার পার্শ্বে বসিয়া উদ্বে তারাগণশোভিত নভোমগুলের দর্শনে ও তৎসম্বন্ধীয় আলোচনাতে নিমর্থ ছिलाम. इंडिमाधा थे मान आश्रेन श्रीतात ও श्रीड-বাসি কএক জন হটেণ্টট লোককে সঙ্গে লইয়া আমা-দিনের নিকটে আসিয়া বসিল: কারণ ভাহারা মিশনরির উপদেশ বাক্য শুনিয়া তাঁহার দহিত প্রার্থনা করিতে পারিবে, এমত ভরদা করিল। অশ্যান্য সময়ে তাহারা প্রতি দিন আপনাদিগের মধ্যে প্রার্থনা করিত। আমা-দের মধ্যে হটেটট জাতীয় কএক জন ছিল, ভাহার। ত্তদ্ধ বয়ঃপ্রাপ্ত দাদশ জন একত হইলে আমরা পা-দরী সাহেবের সাহায্যে তাহাদের সহিত অনেক' কথোপকথন করিলাম; এব তাহাদের সহিত এমত অনপেক্ষিত রূপে কথাবার্ত্তা করণের যে সুযোগ পাই-লাম, তদ্বারা তাহাদের জ্ঞান ও স্বভাব অবগত হইয়া অতিশয় সম্ভাষ্ট হইলাম।

ঐ বৃদ্ধ দাদের কাফ্িজাতারা স্ত্রী আমাদিগকে কহিল. পুর্বেরে বেথেল্দদর্প নিবাসি কএক জন হটেণ্টট মধ্যে ২ এই স্থানে আসিত, তাহাদের কাছে আমি প্রথমে ধর্ম বিষয়ক কোন ২ কথা তানিয়াছিলাম, এবং তাহাদের সাহায্যে ওলোন্দাজি ভাষাতে ধর্মপুদ্ধক পাঠ করিতে শিথিয়াছিলাম। তৎপরে আমি অধিক শিক্ষা পাইবার নিমিত্তে কএক বার ভাহাদের ঐ গ্রামে গিয়া দুই এক মাদ অবস্থিতি করিয়াছি। প্রথমে ধর্মবিষয়ক কথা স্তানিলে আমার প্রলাপমাত্র বোধ হইয়াছিল। পরে যাহারা আপন ২ পাপ স্বীকার পূর্ব্বক প্রমেশ্রের নিকটে ক্ষমা চাহিত, তাহাদিনের শোক ও অশ্রুপাত দেখিলে আমি যে তাহাদের অপেক্ষা উত্তম নহি. এমত চেতনা পাইলাম. এই জন্যে তাহাদের নিকটে ধর্মজ্ঞানের অন্বেষণ করিতে লাগিলাম। তদননুর আমি আপনাকে পাপিষ্ঠা জ্ঞান করিলে, যীপ্ত পাপি লোকদিগের ত্রাণকর্ত্তা, এই সমাচার ঐ হটেণ্টট লোকদের কাছে পাইবামাত্র পাপের মোচন এবং ঈশ্বরীয় বাকোর অর্থ প্রাপ্তির নিমিত্তে প্রার্থনা করিতে উদ্যোগিনী হইলাম। তাহাতে ঈশ্বরীয় অনুগুছের বিষয়ে আমার মনে যে প্রত্যাশার উদয় হইল, তাহা অদ্যাপি আমাকে ত্যাগ করে নাই।

পুড়ভক্তা এই নমুশীলা স্ত্রী আপনার স্থীকৃত ধর্মের

গুণে কএক বৎসরাবধি প্রতাহ আপন সন্তানদিগকে ও চতুর্দিক্স্থ লোকদিগকে জ্ঞান প্রদান করিত। বিশেষতঃ ধর্মপুস্তক পড়িতে এবং গোপনে কিয়া বন্ধু বাস্কবদের সহিত ঈশ্বরের আরাধনা করিতে শিক্ষা দিত।

তাহার স্বামির মনঃপরিবর্ত্তন প্রায় দেই রূপ হই-য়াছিল। এক দল হটেণ্টট সৈন্য বেথেলসদপ্রইতে কেপ নগরে যাইতেছিল। পথিমধ্যে ভাহাদের সহিত **শাক্ষাৎ হউলে দে ভাহাদিগকে প্রার্থনা করিতে ও আ-**পন ২ পাপ স্বীকার করিতে স্তনিয়া চমংকৃত হইয়া আপন কর্ত্তাকে জিজ্ঞাসিল, উহারা কি প্রকার লোক? তাহাতে তাহার ধর্মবিহীন কর্তা বলিল, উহারা পা-গল। এমন উত্তর পাইলেও তাহার মনে এই চিল্লা জিমলে, যে অন্যান্য লোকদের আচরণহর্টতে আমীর আচরণ ভিন্ন নয়: অতএব উহারা যদি দোষী হয়. তবে আমিও দোষী আছি। ঐ সকল লোক যদি প্রা-র্থনা করে. ভবে আমি কেন করিব না? তাহারা সন্ধ্যাতে শিবির্হুইতে কিঞ্ছিৎ দুরে ভিন্ন কোপে গিয়া প্রত্যেকে গোপনে প্রার্থনা করিত, তাহাতে একাকী শিবিরে থা-किए नक्का (वाध इउगार म मामाना वीछि भानतत् মত তাহাদের ন্যায় কোপে গিয়া প্রার্থনা করিতে লা-নিল। অল্প দিবদ পরে দে আনুরিক চেতনা পাইয়া উদ্যোগ পুর্বেক প্রার্থনা করিতে চেষ্টা করিয়া এই অল্প কথা কহিতে লাগিল, হে প্রভো, আমার সাহায্য কর। তৎপরে দে অবকাশমতে বেথেল্সদর্পে শিক্ষা করণ ও খ্রীষ্টীয় বন্ধনণের দহিত কথোপকথনদারা ক্রমে ২ ধর্মেতে- কৃদ্ধি পাইল। তদবধি কিছু কাল পর্যান্ত তাহার কর্ত্তা তাহার প্রতি কৃটিন ব্যবহার করিলেন, কিন্তু পশ্চাৎ তা-হার বিশ্বস্তুতা দেখিয়া পুর্ফোক্ত অধ্যক্ষপদে নিযুক্ত করিয়া ধর্মবিষয়ে স্বেচ্ছানুদারে আচরণ করিতে দিলেন।

পরে যে এক জন হটেন্টট বেথেল্সদর্পইইতে আমাদের সহিত আসিয়া আমাদের শকট চালাইয়াছিল,
তাহাকে আমরা জিজ্ঞাসা করিলাম, বল দেখি পরিতাণ
কিলে পাওয়া যায়? তাহাতে সে প্রত্যুত্তর করিল, নিরন্তর যাস্তর চরণে শরণ লইয়া থাকিলে আমি অবশ্য পরিতাণ পাইব। তদনন্তর সে নমুতা পূর্বক আপনার মনঃপরিবর্তনের ও ধর্মাবৃদ্ধির বিবরণ আমাদিগকে জানাইল,
তাহাতে তাহার সূক্ষা ধর্মজ্ঞান প্রকাশ পাইল।

দেই ব্যক্তির পার্শ্বে এক বৃদ্ধ রাজমিন্তি বসিয়াছিল;
নে ঐ মণ্ডলীর এক জন পরিচারক। আমরা তাছাকে
জিজ্ঞাসিলাম, বল দেখি, খ্রীষ্টীয় ধর্ম জ্ঞাত হওয়াতে
হটেণ্টট লোকদের কি লাভ হইয়াছে? সে বলিল,
এ বিষয়ে আমি যাহা জানি, তাহা বলি, শুনুন। প্রের্ব আমি ইশ্বরহীন ও ভরসাহীন হইয়া কাল যাপন কারভাম; সেই অবস্থাতে যদি মরিভাম, তবে আমার সর্ফানাশ
হইত। সমূতি আমারে অটল ভরসা আছে, তদ্বারা
মর্ণকালেও সান্ত্রনা পাইন। আর আমার ন্যায় অন্যান্য
অনেক লোকের সেই রূপ আশা হইয়াছে। অভএব ইশ্বর
আমাদিনকে এত কাল পর্যান্ত জীবৎ রাথিয়া এই জ্ঞান
দিরাছেন, এই জন্যে তাঁহার ধন্যবাদ করা আমাদিগের উচিত।

কিছু কাল এই ৰূপ আলাপ হইলে পর ঐ পাদরী সাহেব এক গাঁত পাঠ করিলে ভত্রস্ত,লোক সকল অন্তঃ-করণের সহিত গান করিতে লাগিল। তদনন্তর পাদরী সাহেব উপদেশ দিলে তাহারা মনোযোগ ও আনন্দ পূর্বক শ্রবন করিল। পরে প্রার্থনা করণ সময়ে সকলে হাঁটু পাতিয়া দরাবান পিতার নিকটে আপনাদের প্রার্থনীয় নিবেদন করিল। পরে আর এক গান করিয়া নিরম্ভ হইল। তদনন্তর আমরা তাহাদের সঙ্গে দুই প্রহর রাত্রি পর্যান্ত কথোপক্ষন করিলাম।

৭। এক যুব তী জীর বিবরণ।

এক পানরী সাহেব এই যুবতীর অন্তিমকালে তাঁহাকে দেখিতে গেলে তিনি ভাহাকে বলিলেন, আমার পারমার্থিক অবস্থা বিদরে আমি বিস্তুর কথা কহিতে পারিব
না। আমার অনেক সন্দেহ ও পরীক্ষা হইরাছে। তবে
কি? যে কেহ আনার নিকটে আসিবে, তাহাকে আমি
কোন ক্রমে দূর করিব না. এই যে কথা যীস্ত খুষ্টি
কহিরাছেন, ভাহা আমার লন্ত্রস্তরপ। আমি নি-চয়
ভানি যে আমি তাঁহার নিকটে যাইরা থাকি; আর তিনি
আপনার প্রভিক্তা অবশ্য রক্ষা করিবেন। আমি দীন
হান ও অযোগ্য পাত্র বটি, তথাপি তিনি আমাকে ভুলাইবেন না; তাহা করিলে তাঁহার নিজ মহিমার ও দ্রার
হানি হইবে। আমি তাঁহার চরণে শরণ লইয়াছি।
দেই স্থানে স্থির থাকিব, তিনি আমাকে দূর করিবেন
না; আর দেই আশ্রয়াপেক্ষা কোন্স্থান উত্তম?

ধার্মিক বিশপ বেবেরিজ মর্ণ কালে বন্ধু বাদ্ধবের মধ্যে কাছাকেও চিনিতে পারিলেন না। তাঁহার এক জন আত্মীয় ধর্মোপদেশক তাঁহাকে দেখিতে আসিয়া তাঁহার শ্যার নিকটে দাঁড়াইয়া, আপনি কি আঘাকে চিনিতে পারেন? ইহা জিজ্ঞাদা করিলে বিশপ উত্তর করিলেন, আপনি কে? পরে নিকটবর্ত্তি লোকেরা তাঁ-হার নাম বলিলে তিনি কহিলেন, আমি তাহাকে জানি না। অনন্তর পূর্ফোক্ত ব্যক্তির ন্যায় পরিচিত আর এক জন বন্ধু আসিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, यांश्रीन कि यांगारक विनिष्ठ शास्त्रन? छिनि विलिदन, আপনি কে? পরে তাঁহার নাম স্থানলৈও তিনি পূর্ব্ব-বৎ বলিলেন, আমি তাহাকে জানি না। পরে তাঁহার ভার্য্যা শ্যারে নিকটে আদিয়া জিজাদা করিলেন, আ-পনি কি আমাকেও ভুলিয়াছেন? তিনি বলিলেন, আপনি কে ! অপর ইনি ডোমার ভার্যা, ইহা নিক্টবর্ত্তি লোক-দের পুমুথাৎ শুনিলেও তিনি তাঁহার বিষয়েও বলি-লেন, আমি তাহাকে জানি না। পরিশেষে এক ব্যক্তি বলিল, আপনি প্রভূ যান্ত গুষ্ঠিকে জানেন? এই শব্দ শ্বনিবামাত্র তিনি কিঞ্চিৎ দচেতন হইয়া ভগ্ননিদু মনু-ষ্যের ন্যায় বলিলেন, হাঁ, চল্লিশ বৎসরাবধি ভাঁহাকে জানি। তিনি আমার পরম প্রিয় ত্রাণকর্তা; কেবল তিনি আমার আশ্রয়।

৯। এক জন আমেরিকাদেশীয় ধর্মোপদেশকের-বিষয়।

🛌 উক্ত উপদেশক ১৮০৭ শালে নরাই বৎদর বয়ঃক্রম काल श्रांगजांग कतिलन। प्रतानत जानक मिन शृर्ख তাঁহার মারণ শক্তি ক্ষীণ হওয়াতে উপদেশ দেওনে অসমর্থ হটলে তাঁহার এক পুত্র তাঁহাকে আপন বাটীতে লইয়া গিয়া অন্তিকাল পর্যান্ত অতিশয় স্নেহপূর্ত্তক তাঁহার তত্ত্বাবধারণ করিলেন। তাঁহার মৃত্যুর পূর্ব্ব দিবস সায়ং -कारल निकरिवर्खि এक जन উপদেশक डाँशक प्रिथिए আইলে তিনি তাঁহাকে চিনিতে পারিলেন না। অন্য এক ব্যক্তি তাঁহার পরিচয় দিলেও তিনি বলিলেন, উহাকে আমার মারণ হয় না। পরে তাঁহার প্রিয় পুত্র শ্যার নিকটে গেলে তিনি তাঁহাকেও চিনিতে পারিলেন না: বরং কহিলেন, আমার পুত্র আছে কি না, ভাষা আমার মারণ হয় না। এই প্রকারে তিনি আপনার বন্ধু ও পরিজনগণের মধ্যে এক জনকেও চিনিতে পারি-লেন না। অবশেষে তাঁহাকে জিজ্ঞাদা করা গেল. আপনি পুতু যীষ্ট থীষ্টকে কি মারণ করিতে পারেন? ইহা শ্নিবামাত্র তিনি প্রসন্নবদনে দুই হস্ত তুলিয়া আহলাদ পূর্বেক কহিলেন, হাঁ২, পুজু যায় খুীষ্টের সারণ হয়; তিনি আমার প্রভুও আমার ঈশ্বর তাঁহালারা আমার পরিতাণ হটবে।

ইহাতে আমাদিণেরও প্রত্যাশা জয়ে, কারণ তিনি পাপিগণের ভাণকর্তা। যাহারা তাঁহার শরণ লইয়া তাঁহাকে অক্ষয় প্রেম করে, ভাহাদিগকে তিনি পরিত্যাগ করিবেন না। যাহারা তাঁহাতে ভরদা রাথে, ভাহারাই ধন্য। হে পাঠক,তুমি কি তাঁহার উপরে নির্ভর রাথিতেছ? ভাহানা করিলে মৃত্যুকালে তোমার কি দশা হইবে?

১৫। ফুাস্কীত লাজারস।

ইয়্লানিয়া দেশের দক্ষিণাভিদ্য অগ্রভাগে জিব্রাল্টর নামক অতি উচ্চ এক শৈল আছে তাহা দেড় শত বৎস-রাবসি ইণরাজ লোকদের হম্বাত, এবণ তথাকার দুর্গ প্রায় অজেয় বলিতে হয়। ১৭৮০ শালাবপি তিন বংদর পर्यास रक्ष उ है हानीय लात्कता नाविक उ পদাতिक বৈনাদারা তাহা অবরোগ করিয়া পুনঃ ২ বলপূর্ত্তক আক্র-মণ করিলেও তদ্রক্ষক ইংরাজ দৈন্যদিগকে পরাজয় করিতে পারিল না। শৈলের অপোভাগে সম্দুতারে একটি কুদু নগর আছে। ঐ জিব্রাল্টর ব্যতিরেকে ইস্পা-নিয়া দেশের সর্বত্র রোমাণ কার্ঘলিক ধর্ম প্রচলিত আছে, এব৭ তথাকার লোকেরা দেই মিথ্যা ধর্মে অতিশয় মা-मक्त। তাহাদের মধ্যে ফ্রাস্কীত লাজারদ নামে এক জন ন্যুনাধিক তেন বৎসর পর্যান্ত জিবুল্টর নগরে গিয়া বার ২ ধর্মোপদেশ শুনিয়াছিল, এবং রোমাণ কাথ-লিক মত ত্যাগকারি কএক জন মুদেশীয় লোকের সঙ্গে প্রভুর ভোজন গ্রহণ করিয়াছিল। পরে অচ্যন্ত পীড়িত इउग्राट অन्न मिवन भएउ ठिकिश्मक डाँशाटक विनन, क्मि आत वाँ हिवा ना। এই छक् उत म॰ वां भारेवा-মাত্র দে এক জন বন্ধকে ডাকাইয়া বলিল, হে প্রিয়

ভ্রাতঃ, মৃত্যু উপস্থিত, ইহার কোন সন্দেহ নাই; কিন্তু পরমেশর আমার প্রতি যাহা করেন, তাহাতেই আমি সমত আছি. এবং ক্লেশ ও যন্ত্রণার মধ্যে আমার মন শান্ত ও প্রত্যাশাতে দুম্বির আছে। অনন্তর চিকিৎদক বিদায় হওন সময়ে অন্তিম কালের কর্ত্তব্য ক্রিয়া সাধনার্থে এক জন পুরোহিতকে আহ্নান করণের আক্তা দিলেন। কে-ননা রোমাণ কাথলিক লোকদের মধ্যে এই রীতি আছে. যে কোন ব্যক্তি মৃতকল্প হউলে পুরোহিত আদিয়া বিশেষ মন্ত্র পাচ করন পূর্ত্তকৈ তাঁহার কপাল ও চক্ষু ও কর্ন প্রভৃতি প্রধান ২ অঙ্গে তৈল লেপন করে, এই ক্রিয়া তাহাদের স্বর্গপ্রবেশিকা বেধি হয়। অতএন ক্রাস্কীত আপন ভার্য্যাকে ডাকিয়া বলিল, তুমি আমার প্রতি যে রূপ প্রেম ও সমান করিয়া থাক, ভদ্রপ এথনও কর। আমি যাহাদের সহিত তিন বৎসরাবপি নিত্য আলাপ করত আন্তরিক দুগ পাইয়াছি, ও যাহারা আমাকে প্রকৃত মঙ্গলের ও গৌরবের পথ দেথাইয়াছে, আমার দেই প্রিয় বন্ধগণকে তুমি জান। বিনয় করি, তাহাদের ব্যতীত আর কাহাকেও প্রবোধ দেওনার্থে আমার নি-কটে আসিতে দিও না।

অপর কোন ২ বন্ধু আসিয়া, আসন্ধ মৃত্যুর বিষয়ে তোমার মনে কেমন বোধ হয়? ইহা জিজাসিলে সে উত্তর করিল, আমি অনির্ফাচনীয় শান্তি ভোগ করিতেছি। আর সে বক্ষঃস্থলে হস্ত দিয়া কহিতে লাগিল, এই স্থানে যে শান্তি ও ধৈষ্য ও প্রসন্তা আছে তাহা ব্যক্ত করা আমার অসাধা। ত্রমন্তর পশ্চালিথিত প্রশ্ন সকল তাঁহাকে জিজ্ঞাস। করা গেল; যথা, মৃত্যুহইতে তুমি কি ভীত আছ?

উত্তর। না; আমার ত্রাণকর্তা প্রভু যীপ্ত মৃত্যুভয় দূর করিয়াছেন।

প্র। তুমি কি খ্রীষ্টকে বহুমূল্য জ্ঞান কর?

উ। অবশা করিয়া থাকি।

পু। তুমি কি আপনাকে স্বর্গে যাইবার যোগাপাত্র জান?

উ। আমার এমত কোন গুণ নাই; তবে আমি কেমন করিয়া এই রূপ গর্ম করিতে পারি?

প্র। তোমার নিজ কোন পুণ্য আছে কি না?

উ। না, কিছুই নাই। আমি দীনহীন পাপিষ্ঠ, কে-ৰল প্রভ্র প্রতিজ্ঞাতে নির্ভর করিয়া আছি।

প্র। কাহার পুণাদ্বারা তুমি ত্রাণ পাইতে ভরুমা কর?

উ। আমি থুটিষ্টের পুণা ও মরণ গুণদারাই সমপূর্ণ তাণ পাইব। আমার নিজ কোন পুণা নাই, এবং কথন ছিল না; কেবল তাণকর্দ্ধার পুণো নির্ভর করাতে আ-মার মন মুদ্ধির আছে। তিনি আপন প্রতিজ্ঞা পরি-পূর্ণ করিবেন।

তাহার বেদনার কিঞ্জিৎ হ্রাস হইলে সে ধর্মপুদ্ধকের বিশেষ ২ বচনের পাঠ শুনিতে উদ্যোগী হইরা ঈশ্বরের নিকটে একান্ত মনে প্রার্থনা করিত, এবং সেই পাড়িতা-বস্থার শেষ পর্যান্ত নমু ও সুদ্ধির এবং ঈশ্বরাধীন স্বভাব প্রকাশ করিত। প্রাণ বিয়োগের ক্ষণ কাল পুর্বে সে প্রভুর ভোজ গ্রহণ করিল, এবং মরণ কালে বলিল, হে ঈশ্বর, তুমি আমার আশ্রয় ও রক্ষক ও দৃঢ় দুর্গ; তুমি আমার পিতা ও ত্রাতা ও নিস্তারকর্তা; তুমি আমার ঈশ্বর ও আমার রাজা ও আমার উপায় ও আমার উপকারক সহায়; কেবল তোমাতেই ভরদা করিতেছি। ইহা বলিয়া ছাউচিত্তে প্রাণ ত্যাগ করিল। যাহারা তাহার ন্যায় প্রভুর আশ্রয়ে থাকিয়া মৃত্যুগুদে পতিত হয়, তাহারাই ধন্য।

১১। এীযুক্ত জেম্ম দরহাম।

এই মান্য ব)ক্তি মরণকালে আপন পারমার্থিক অবহা বিষয়ে দন্ধি হট্যা কোন এক বন্ধুকে কহিলেন,
আমি যত উপদেশ দিয়াছি ও যত গুন্থ লিথিয়াছি,
দেট দকল এখন আর মনে পড়ে না, কেবল ধর্মপুষ্থকের এক বচন মরেণ হয়; দে বচন এই, "যে কেহ
আমার নিকটে আদিবে, তাহাকে আমি কোন ক্রমে দূর
করিব না।" প্রভূ যাস্ত খুটিরের এই প্রতিক্তা অবলম্বন
করি। আপনি অনুগুহ করিয়া আমাকে বলুন, এই
প্রতিক্তার উপরে নির্ভর করিলে পরিতাণ পাইতে পারি
কি না? তাঁহার বন্ধু এই যথার্থ উত্তর দিলেন, দহসু
পরিত্রাণের দংশয় থাকিলেও আপনি এই প্রতিক্তাতে
নির্ভর রাথিলে বঞ্চিত হইবেন না।

১২। গ্রীযুক্ত ডাক্তর সিম্সন।

এই নমুশীল ব্যক্তি অনেক বংশরাবধি হক্সূন্ বি÷ দ্যালয়ে অধ্যাপক পদে নিযুক্ত ছিলেন। তিনি আপ্-' নাকে অতি তুক্ত্ জ্ঞান করিলেও অন্য সকল লোকের কাছে অতি মানা ও স্থাগতাপিন ছিলেন। বার্দ্ধান্ত কাল পর্যান্ত থান্টের দেবা করণানন্তর তিনি আনন্দিত মনে মৃত্যুর অপেক্ষা করিতে লাগিলেন। তৎকালে তিনি আণকর্তার প্রতি প্রেম ও পরমেশ্বরের অনুগুহেতে বিশ্বাদ সূচক অনেক কথা কহিতেন। এক দিন, খ্রীষ্টের নামে দংশ্যারোহণ করিব, এই যে বাক্য কোন ২ ধান্মিক লোক ব্যবহার করিবা থাকে, তাহা উল্লেখ হইলে তিনি তিদ্বিয়ে আপনার অসন্তোষ প্রকাশ করিবা বলিলেন, আমি যখন খ্রীষ্টের অদীম মাহাম্মা ও মর্ক্রদাপক শক্তি বিবেচনা করি, তথন তাহার নামে দংশ্যারোহণ করিব, এমত কথা বলিতে লজ্জিত হই। আমার দশ সহসু মন থাকিলে আমি নম্পূর্ণ বিশ্বাসপূর্ব্বক দে সমস্ত গাছিত দুবার নাায় তাহার হন্তে সমর্পণ করিতাম।

প্রাণ বিয়োগের কিয়ৎ কাল পূর্ফো তিনি পৌল প্রেরি-তের বাক্যানুসারে শেষ শত্রু অর্থাৎ মৃত্যুকে সম্বোধন করিয়া বলিলেন, হে মৃত্যু, তোমার হুল কোথায়? তুমি কে? আমি তোমাকে ভয় করি না; কুশে পা-তিত রক্তদারা তুমি পরাজিত হইয়াছ।

১৩। শ্রীযুক্ত সেল্ডন্ সাহেবের বিষয়।

ন্যাধিক দুই শত বৎসর হইল ইৎলগুদেশে অপূর্দ্ধ
পাণ্ডিতাবিশিষ্ট দেল্ডন্ নামক অতি বিদ্বান্ এক জন
সাহেব বাস করিতেন। মরণ কালের কিঞ্জিৎ পূর্দ্ধে
' তিনি বলিলেন, জানিবার যোগ্য যত বিষয় আছে, তাহা

জানিবার চেন্টাতে আমার অত্যন্ত শ্রম হইয়াছে। কিন্তু
যাহাৎ পাঠ কিয়া বিবেচনা করিয়াছি, সমুতি নেই
সকলের মধ্যে কিছুতেই আমার দান্ত্বনা হয় না, কেবল
পৌল প্রেরিতের এক বচনদারা এই অন্তিমকালে আন
মার মন দুদ্বির হয়, অর্থাৎ, "যান্ত পুষ্ট পাপিদের
পরিত্রাণ করিতে এই জগতে আদিয়াছেন, এই কথা
বিশ্বদনীয় ও দর্মতোভাবে গুহণীয়," পৌলের এই যে
বাক্য তাহা অবলম্বন করিয়া আমি শান্তি পাই।

১৪। এক জন কৃষকের বিষয়।

এই দেশের লোকেরা যেমন শদ্য মর্দ্দন করিবার
নিমিন্তে ভাহার উপর দিয়া গোরু চালায়, ভজ্রপ
ইউরপ মহাদ্বীপের দক্ষিণভাগে দ্বিত গ্রীদ ও ইভালি
দেশ নিবাদি লোকেরাও করিরা থাকে। কিন্তু ফুল্দ ও জর্মাণি ও ইৎলও প্রভৃতি উত্তর ভাগে দ্বিত দেশে দেই প্রকার ব্যবহার চলিত নহে। তথাকার কৃষক লোকেরা আপনারা ভারি যাই চালাইয়া শদ্য মাড়ে। এ অভিশ্র পরিশ্রমের কর্ম্ দুর্ম্বল লোকের অদাধ্য।

এক দিন পাদরী জে সাহেব বেড়াইবার সময়ে এক জন কৃষককে দেই কর্মে বাস্ত দেখিয়া নিকটে গিয়া কহি-লেন, সুলেমান রাজা বলিয়াছেন, তাবৎ প্রক্রেমি পরি-শ্রমের ফল আছে। কৃষক এই কথা শুনিয়া কর্মাইইতে বিরত হইয়া উত্তর করিল, মহাশয়, সভা বটে, তথাচ এক বিষয়ে ব্যতিক্রম আছে। আমি বহু দিবদ পর্যাপ্ত পাপের দেবাতে পরিশ্রম করিয়াছিলাম; দেই পরিশ্বিদ্যার কিছু ফল পাই নাই। তথন জে সাহেব কহি-

লেন, তবে "যাহা সমুতি লজ্জার বিষয় বোধ হয়, তাহার কি ফল পাইতা?" পৌল প্রেরিতের এই যে প্রশ্ন,
বৃক্ষি তাহার তাৎপর্য্য তুমি বলিতে পার? কৃষক বলিল,
হাঁ! পরমেশ্বরের অনুগুহেতে তাহা বলিতে পারি।
এবং ইহাও জানি যে সমুতি পাপহইতে মুক্ত হইয়া
ইশ্বরের দাস হওয়াতে আমি পবিত্রতারপ ফল ও
অনম্ভ জাবনরূপ পরিণাম পাইতেছি।

ঈশ্বরের বাক্যে যে বিশ্বাস সে কেমন বছমূলা। কৃষকের কুঁড়িয়াতে যে ধর্ম পাওয়া যায়, তাহা রাজ-বাটীর ঐশ্বর্যা অপেক্লা মহাধন।

२৫। मध्राम कमिन।

পারদ দেশের উত্তরম্ জর্জিয়া নামক যে প্রদেশ কৃষিয়া রাজ্যের অপানে আছে, তাহার কারাদ নামক নগরে ১৮০২ শালে স্কট্লপ্ত দেশহইতে কএক জন মিশ-নরি দাহেব গিয়াছিলেন। উক্ত দপ্লাদ কদিন্ দাহেব ভাহাদের মধ্যে এক জন ছিলেন। তিনি কতক বৎসর পর্যান্ত দেই স্থানে পরিশ্রম করণানন্তর প্রাণত্যাগ করি-লেন; মরণকালে দত্য প্রীষ্টিয়ান লোকের স্থভাব প্রকাশ করিলেন। নিকটবর্ত্তি বন্ধুরা জিজ্ঞাদা করিলেন, স্কট্ল লপ্ত দেশ্লে তোমার এক জন পুরাতন বন্ধু আছেন, তুমি ভাহাকে অতিশয় প্রেম করিয়া থাক, তাহা আদ্ মরা জানি; তোমার বিষয়ে কি ভাহাকে পত্র লিথিব? ইহা শুনিয়া তিনি উত্তর করিলেন, হাঁ, তাঁহাকে এই কথা বলিয়া পাচাও যে আমি দমপূর্ণ বিশ্বাদে মরিয়াছি।

২ অধ্যায়।

খুীফেঁর প্রতি প্রেম।

১। ধর্মার্থে হত লোকের বিষয়।

পুর্বেকালে খ্রীষ্টধর্ম গুহণ প্রযুক্ত অনেক বিশ্বাদি লোকের প্রাণদণ্ড হইত। এক দিন তাহাদের মধ্যে এক জন হত্যার স্থানে আনীত হইলে তাঁহার স্ত্রী ও সন্থানগণ নিকটে দাঁড়াইরা অতিশয় ক্রন্সন করিতে লাগিল। তাহাতে তাঁহার প্রাণরক্ষার আকাদ্ধি দেব-পূজক বন্ধুরা তাঁহাকে জিজ্ঞাদা করিল, তুমি কি উহা-দিগকে প্রেম কর না? তিনি উত্তর করিলেন, প্রেম করি বটে। যদি দমুদয় ভূমগুল সুবর্ণময় হইয়া আ-মার অধিকারে থাকিত, তবে গৃহে বা কারাগারে উহাদিগের দঙ্গে বাদ করণার্থে ঐ সমস্ত্র দুবর্ণ অকা-তরে দিতাম; কিন্তু খ্রীষ্টের সহিত তুলনা করিলে আমি উহাদিগকেও প্রেম করি না।

२। कर्तन् भात्रिमनत्।

আরমাণী দেশের তীগ্রানিদ নামক রাজা ও তাঁছার পত্নী যুদ্ধেতে পারদ দেশীয় দাইরদ রাজার হস্তগত ছইলে দাইরদ স্বাভাবিক মহাত্মা প্রযুক্ত ঐ তীগ্রানিদ-কে মুক্ত করিয়া পূর্ত্বপদে পুনরায় নিযুক্ত করিলেন, এবং ভাঁছার অনুরোধে তাঁহার পত্নীকেও মুক্তা করি-লেন। অপর ঐ তীগ্রানিদ এক দিন আপন বন্ধুনণের নিকটে দেই ঘটনার রর্ণনা করিলে দকলে দাইরদের প্রশৎসা করিতে লাগিল। পরে এক জন ঐ মহিষীকে जिल्लामा कतिल. मारेतरमत विषय जाशनकात कि বোধ হয়? তিনি উত্তর করিলেন, আমি বলিতে পারি না, কারণ আমি তাঁহার বিষয় আলোচনা করি নাই। ইহা তানিয়া অন্য এক জন বলিল, তবে কিদের আলোচনা করিতেছিলেন? তাহাতে রাণী উত্তর করিলেন, আমার মৃক্তির নিমিত্তে যিনি আপনার প্রাণ দিতে অঙ্গীকার করিলেন, আমার সেই প্রিয় প্রাণনাথের বিষয় আলো-চনা করিতেছিলাম। এই বিবর্ণ পাঠ কর্ণানম্ভর কর্ণেল গারদিনর নামে অতি ধার্মিক এক জন কহিয়াছিলেন, 🗳 রাজ্ঞীর স্বামী তাঁহার নিমিত্তে প্রাণ দিতে প্রস্তুত ছিলেন: কিছ আমাদের নিমিত্তে প্রভ্ যীতা থীটা বাস্তবিক প্রাণ দিয়াছেন: অতএব তাঁহার প্রেমে একান্ত মনোনিবেশ করা আমাদের অবশ্য কর্ত্তবা কেননা তিনি আমাদিগকে পারমার্থিক দাসত্ব ও অনন্তকালীয় সর্ফ্রনাশহইতে মুক্ত কবিয়াছেন।

৩। উত্তর আমেরিকা দেশীয় ইণ্ডিয়ান ব্যক্তির বিবরণ।

ইউরপীয় লোক কর্তৃক আমেরিকা নামক মহাদ্বীপের উদ্দেশ প্রাপ্তির পূর্ব্বে যে লোকেরা ঐ স্থানে বাস করিত, ভাহাদিনকে ইণ্ডিয়ান বলা যায়। ভাহারা সকলে দেব-পূজক, আর উত্তর আমেরিকা দেশের লোকেরা কেবল মৃগায়াতে নিপুণ ছিল, কিন্তু মেক্সিকো প্রভৃতি কোন ২ রাজ্যের লোকেরা সভা ছিল ও নগরে বাস করিত। উত্তর আমেরিকা দেশীয় ইণ্ডিয়ান লোকদের মধ্যে এক শত বৎসরাবধি দুসমাচার প্রচারিত হইয়া আসি-তেছে। তাহাদের মধ্যে যোহন নামক এক জন উপ-দেশক এক দিন কোন সভাতে নিমু লিথিত প্রস্তাব করি লেন। হে ভাত্গণ, আমি দেবপুজক ছিলাম এবং দেবপুজক কেরা কি প্রকার লোক এবং তাহাদের বিচার বা কি প্রকার, তাহা আমি উত্তমরূপে অবগত আছি। এক দিন এক জন উপদেশক আমাদিগকে শিক্ষা দিতে আদিরাভিলেন। কিন্তু এক ইশ্বর যে আছেন, এই বিষয় সপ্রশান করিতে অতি ষত্বান হইলে আমরা তাঁহাকে বিলাম, এ কথার প্রয়োজন কি? এক ইশ্বর যে আছেন, তাহা কি আমরা জানি না? তুমি যে স্থানহইতে আসি-রাছ দেই স্থানে ফিরিয়া যাও।

তদনন্তর অন্য এক জন উপদেশক আদিয়া আমাদিনকে এই প্রকার শিক্ষা দিতে লানিলেন, তোমরা
চুরি করিও না, ও মন্ত হইও না, ও মিথ্যা কথা কহিও
না, কোন মতে দুরাচার হইও না। এই সকল কথা
শ্রেম করিয়া আমরা তাঁহাকে বলিলাম, ওরে পানল,
তুমি এ সকল কথা কেন বল? আমরা কি ভাহা জানি
না? বর্ণ আপনি নিয়া দেই কথা শিক্ষা কর, ও
মদেশীয় লোকদিনকে তদমুসারে কর্ম করিতে নিষেধ
কর, কারণ ভাহাদের তুলা মাভাল ও চোর ও মিথ্যাবাদী আর নাই। এই কথা বলিয়া আমরা তাঁহাকে
মুর করিয়া দিলাম।

় কিয়ৎকাল পরে খাষ্টিয়ান হেন্রি নামক এক উপ-দেশক আমার গৃহে আদিয়া আমার পার্ছে বিদিয়া ধর্মের কথা কহিতে লাগিলেন। তাঁহার উপদেশের সার রাক্য এই যে স্বর্গ ও ভূমগুলের প্রভূর নামে আমি তোমার নিকটে আসিয়াছি। তিনি আমাকে প্রেরণ করিয়াছেন, কেননা তিনি তোমাকে নিস্তার করিয়া মঙ্গলযুক্ত করিতে, এব ে দুরবস্থায় তুমি এথন পর্যান্ত মথ আছ. তাহাহইতে তোমাকে রক্ষা করিতে ইচ্ছা ক্রেন। এই জন্যে তিনি অবতীর্ণ হইয়া মনুষাদের নি-মিত্তে প্রায়শ্চিত্তরূপে আপন প্রাণ দিয়া নিজ রক্ত ব্যয় ক্রিয়াছেন। যাহারা এই যীপ্তর নামে বিশ্বাদ করিয়া পাপহইতে পরিত্রাণ পাইতে চেন্টা করে, তিনি ডা-হাদিগকে গ্রাহ্য করেন, ও তাহাদিগকে ঈখরের সন্তান হইতে অধিকার দেন। পবিত্র আত্মা তাহাদের অন্তঃ-করণে বাদ করেন, এব ১ পুরিটের কৃধিরছারা ভাছারা পাপের দাসত্ব ও পরাক্রমহইতে মৃক্ত হয়। আর তুমি যদ্যপি পাপিদের মধ্যে প্রধান পাপিরূপে গণ-নায় হও, তথাপি তাঁহার নাম লইয়া পিতার নিকটে প্রার্থনা করিলে এবৎ পাপের প্রায়শ্চিন্তকারি সেই যান্ততে বিশ্বাদ করিলে তিনি তোমার প্রার্থনা শুনিয়া গ্রাহ্য করিবেন, এবং তোমাকে পরিত্রাণের অধিকারী করিয়া জীবনমৃকুট প্রদান করিবেন; তাহাতে ভুমি মর-গান্তে তাঁহার সহিত অনন্ত কাল স্বর্গে বাস করিবা।

্ঞার প্রাক্ত আমার কুঁজিয়ার ম্থে কোন কিন্তার

উপরে শয়ন করিয়া নিদা গেলেন। তাহা দেথিয়া আমি ভাবিলাম, ইনি কি প্রকার লোক? এথানে সুথে निमारल प्रभ इहेरलन। आपि हेर्नेरक वध कतिया वरन ফেলিয়া দিলে কে তাঁহার অনুসম্বান করিবে? কিন্তু এই স্থানে ইনি নিশ্চিত্ত হইয়া পড়িয়া আছেন। ইনি দুষ্ট লোক নন. এই জন্যে অনিষ্ট্ইতে ভয় করেন না। অসভা যে আমরা আমাদের বিষয়েও দন্দিয়া না হইয়া আমাদের হয়ে আপনার প্রাণ সমর্পণ পূর্মক সুথে নিদ্রা যান। আ-মার মনে এই প্রকার চিন্তার উদয় হওয়াতে ভাঁহার উপ-एम आभात भाग नित्नुत नध थाकिन, এव॰ स्राक्ष्त्र সময়েও আমাদিণের নিমিত্তে পাতিত যীয় খ্রীষ্টের রক্ত জ্ঞানগোচর হইও। অনন্তর আমি মনে২ কহিতে লা-গিলাম, এ বড় আশ্চর্যা কথা: এমন উপদেশ আমি কথন ন্তনি নাই। তদবধি আমি ঐ খ্রীষ্টিয়ান হেন্রির সহিত श्वकाछीय लाकरमत निकरि शिया डीहात उपरमरणब অর্থ তাহাদিগকে বৃফাইরা দিতে লাগিলাম; ভাছাতে ঈশ্বরের অনুগ্রহে আমরা চেতনা পাইলাম। অতএব হে ভ্রাতৃগণ, আমি ভোমাদিগকে কহিতেছি, যদি দেৱপূ-জকদের মধ্যে তোমাদের কথার ফল ও তাহাদিনের পারমার্থিক মঙ্গল দেখিতে তোমাদের বাঞ্চা হয়, ভবে থাষ্ট ও ভাঁহার রক্ত ও দুঃথভাগ ও মরণ এই সকলের প্রমঙ্গ তাহাদের কাছে প্রচার করিতে হইবে।

8। यूनी व्याप्टेन।

- এবক জন থ্ৰীকীয়ান উপদেশক কিয়ৎকাল হাপ্সি **অগভ**'

দাদদের নিকটে সুসমাচার প্রচার করিলে পরে যুদী আটল নামে এক দালা লর্জা তাহা প্রবন করিতে যাইত;
কেননা দে বলিত, অন্যান্য হাপ্দি লোক যাইয়া থাকে,
আর আমার অন্তঃকরণে ঐ বাক্য মিন্ট লাগে। দে
তদবিধি আপনার বলয়াদি অলস্কার ও সূক্ষ বন্ত্র দকল
পরিত্যাগ করিল, আর পরিতে চাহিল না। অনম্ভর
দে অনেক বংসরাবিধি উপদেশকদিগকে আপনার
গৃহে অতিথি করিত, এবং সদাচরণদারা তাণকর্ত্তা
দেখরের শিক্ষা ভূষিত করিত। তাহার নির্দোষ আদ্
চার ব্যবহার প্রযুক্ত দকল লোক তাহাকে বিশ্বাস্য
জ্ঞান করিত, বিশেষতঃ তাহার কর্ত্রা সমুদ্য গৃহকর্মের
ভার তাহাকে সমর্পন করিতে চাহিলেন; কিন্তু পাছে
উপদেশকগণকে অতিথি করণে এবং গীর্জাঘরে গমনে
বাধা হয়, এই ভয়ে যুদী দেই পদ গ্রাহ্থ করিতে অসমত হইল।

কিঞ্জিৎ কাল পরে সে পীড়িতা হইয়া মরণকাল দরিকট বুকিয়া দূরে বাদকারি আপন উপদেশকের সহিত্ত
সাক্ষাৎ করিবার মানদে দূতদারা তাঁহাকে ডাকাইল;
ভাহাতে উপদেশক তাহার নিকটে গিয়া তাহার মনের
অবস্থা ও পরকাল বিষয়ক প্রত্যাশা নিশ্চর করণার্থে
জিজ্ঞাদা করিলেন, ও যুদা, প্রভু যান্ত গুমি ভামার প্রতি
বড় দয়া প্রকাশ করিয়াছেন, ইহা তুমি আমাকে অনেক
বার কহিয়াছ; তৎকালে তোমার শরীর দুস্থ ছিল,
কিন্তু সমুতি তুমি মৃতকল্পা; অতএব এখন তাঁহার বিষয়ে
কৈমন বোধ হয়, তাহা বল। তাহাতে দে কিরৎকাল

ভাবিয়া উত্তর করিল, হে মহাশয়, আমি যে দিবদাশ বধি প্রভু যান্ত গুরুকে জানিলাম, তদবধি তিনি আদশ মার প্রতি দ্যাবান আছেন; তিনি সমপূর্ণরূপে তেজো-ময়। এই প্রকারে উক্তা দাদা মৃত্যুঞ্জয় প্রেমের ধ্রণে প্রফুল্লমনে প্রাণ ত্যাগ করিল।

৫। পাসিফিক উপদ্বীপের বিষয়।

পাদিফিক উপদ্বাপবাদি এীযুক্ত পাদরা নট দাহেব কোন সময়ে তথাকার কতকগুলিন লোকের নিকটে যোহন লিখিত সুসমাচারের তৃতীয় অধ্যায়ের মোড়শ পদ পাঠ করিলে পর তদ্দেশীয় এক ব্যক্তি ঐ কথা আহলাদপূর্ব্বক তানিয়া তাঁহাকে জিঞাদা করিল, আ-পনি এ কেমন বাকা পাঠ করিলেন । এ কেমন বাণী ? আমি আর বার শুনিতে চাহি। তাহাতে ইশর জগতের প্রতি এমত প্রেম করিলেন ইত্যাদি বাক্য পুনর্ম্বার পাঠ হইলে ঐ ব্যক্তি উচিয়া কহিল, এ কি সতা? এমন কি হইতে পারে? যে জগৎ ইখরকে প্রেম করে না, ভাহাকে কি ইমর প্রেম করেন? ইমর কি জগৎকে এমন প্রেম করেন যে মনুষ্যকে বিনাশছউতে রক্ষা করিবার নিমিত্তে আপনার অদিতায় পুত্রকে প্রদান করিয়াছেন? তাহাতে ত্রীযুক্ত নট সাহেব ঐ বাকা পুনর্কার পাঠ করিয়া তাছাকে বলিলেন, এই কথা সভ্য বটে: এবং ইশ্বর তোমাদের নিকটে এই সংবাদ পাচাইতেছেন, যে কেহ তাঁহার পুলেতে বিশ্বাদ করে, দে বিনষ্ট না হইয়া মরণাক্তে সুথা হইবে। এমন কথা

'শুনিয়া ঐ ব্যক্তি চমৎকার জ্ঞান করিয়া নিতান্ত অথৈর্যা হইয়া অতিশয় রোদন করিল, এবং কোন গুপ্ত স্থানে গিয়া ইশ্বরের অতুলা প্রেমের বিষয় খান করিতে লাগিল। তদবধি দে যাবজ্জীবন ইশ্বরের প্রেমজন্য শান্তি ও আনন্দ ভোগ করিল।

😕। এক কারেণ স্ত্রীর বিষয়।

শ্রীযুক্ত পাদরী জৎদন্ দাহেব এই বৃত্তান্ত লিখিয়া-ছেন; যথা, এক কারেণ স্থা পুটিটায় মণ্ডলীতে গৃহাত হইবার নিমিত্তে আমার কাছে আদিরাছিল। আমি নিয়মিত ধারানুযায়ি প্রশোত্তরদ্বারা তাহার জ্ঞানের পরীক্ষা লইলে পরে তাহাকে জিক্তাদা করিলাম, তুমি কি থ্রীষ্টের মিমিত্তে দমুদায় অলস্কার পরিত্যাগ করিতে পার? এই কথায় দে প্রথমে কিঞ্চিৎ স্তব্ধা হইল। পরে আমি ঐ বিদরে (১ তীম ২; ৬) পৌল প্রেরিতরে আজ্ঞা পাঠ করণ পূর্বেক ধর্মপুদ্ধকের শিক্ষা তাহাকে বুকাইরা দিলে, এবং ঐ অলস্কারদ্বারা মন গর্বিত হয়, ইহা দপ্রমাণ করিলে দে চেত্রনা পাইয়া পুনঃ হ আপনার দুদ্র হার নিরীক্ষণ করিয়া শেষে স্থিরমনে তাহা থুলিয়া বলিল, ইহা অপেক্ষা আমি থ্রীষ্টকে জ্ঞান থুলিয়া বলিল, ইহা অপেক্ষা আমি থ্রীষ্টকে জ্ঞান বাদি।

় । এক জন বৃদ্ধ উপদেশকের বিষয়।

এক দিন এক জন বৃদ্ধ উপদেশক আপনার পুরুকাগারে অধ্যয়ন করিতেছিলেন, এমন সময়ে তথায় উপ-

স্থিত। তাঁহার ভার্যা হঠাৎ ভাঁহাকে জিজ্ঞালা করিলেন, তোমার কেমন বোধ হয়? স্থান্ন গৈলে পর আমরা কি পরস্কর পরিচিত হইব? ভাহাতে তিনি নিঃলন্দেহে উত্তর দিলেন, অবশা হইব; আমরা কি উহলোক অপেক্ষা দেই স্থানে অধিক অজ্ঞান থাকিব? ইহা বলিয়া তিনি কিয়ৎকাল নীরব থাকিয়া বলিলেন, কি জানি, ঐ স্থানে তোমার পার্শ্বে এক সহসূ বৎসর থাকিলেও আমি ভোমাকে দেখিতে পাইব না; কারণ দেখানে পোঁছ-ছিলে পর সর্বাপেক্ষা প্রথমে আমার প্রিয় তাণকর্তার প্রতি মন ও চক্ষু আকর্ষিত হইবে; অন্যের প্রতি দৃষ্টি-পাত করিতে আমার ইচ্ছা কথন্ জন্মিবে, তাহা বলিতে পারি না।

৩ অধ্যায়।

क्डऊडा ।

১। এক দুঃখিনী জ্রীর বিষয়।

লেডি গ্লেনকি নামা এক জন অতি তদু দ্রী শারীরিক দুর্ব্রলতা প্রযুক্ত আপনি দরিদুদিগকে দান বিতরণ
করিতে অক্ষম হওয়াতে তাহা করণার্থে গ্লেহেম নামা
অন্য এক স্ত্রাকে নিযুক্ত করিয়াছিলেন। এক দিন সেই
বিবি গ্লেহেম একখান নূতন বস্ত্র লইয়া এক দুঃখিনা
দ্রীকে দিতে গেলে সেই দ্রী বলিল, আপনকার প্রক্তি
এক আপনকার কর্ত্রার প্রতি আমার কৃতক্ততা প্রকাশ
করা কর্ত্রা; তথাপি প্রথমে পরম মক্লদাতার নিক

কটে আমার যাওয়া উচিত, কারণ তিনি না পাচাইলে আপনি আমার কাছে কথন আসিতেন না। কার্য্যের দিনে ও বিশ্রামদিনে পরিতে আমার কেবল একথান বস্ত্র ছিল। এই ক্লণে প্রভু পরমেশ্বর বিশ্রামদিবসের নিমিত্তে আর একথানি বস্ত্র পাচাইয়া দিয়াছেন।

উক্তা দ্রার এমত কথার তাৎপর্য্য এই যে প্রথমে প্রতিপালক পরমেশরের নিকটে তাহার কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত, কারণ তিনি উপকার করিতে আপন লোকের অন্তঃকরণে প্রবৃত্তি জন্মাইয়াছিলেন।

২। দুঃথিনী মেরীর বিষয়।

এক দিন উক্তা দুঃথিনী ব্রী অকিঞ্চন হইলেও শান্তিযুক্ত ও স্থির চিত্তে আপন গৃহে যাইতেছিল, ইতিমধ্যে
এক জন ধার্মিক ধনবতা ব্রীর দঙ্গে দাফাৎ হইলে
ঐ ব্রী তাহাকে আপনার বিপদজনক মনোদুঃথ ও আশঙ্কা বিদ্যারিত রূপে জানাইতে লাগিলেন। মেরী
মনোযোগপূর্মাক তাঁহার দকল কথা শ্রবণ করিলে পর
দয়াদুচিত্তে তাহাকে দাস্থনা দিতে চেক্টা করিল; বিশেষতঃ তাঁহাকে কহিল, পরমেশ্বর দয়াবান ও বিশ্বসনীয়;
তিনি আপন লোকদিগকে কথন পরিত্যাগ করিবেন না,
এই প্রতিজ্ঞা আমরা পাইয়াছি। তাঁহার অনুগৃহেতে
সক্ত্রুতি আপনকার ধনাদি যে মঙ্গল আছে তির্মিতে
কৃত্তে হইয়া, ইহার পরে যাহা আবেশ্যক হইবে, ত্রিদ্বে
ময়ে পরমেশব্রেতে প্রত্যাশা কর্মন, কেননা তাঁহার
অঞ্য কন্ত্রণা ও প্রেম আছে। এই কথোপকথন করিতেহ

ঠাছারা মেরীর ছরের দারে উপস্থিত ছইলেন। আঞ্ अव (प्रदो थे स्रोटक कहिन, आश्रीन अक वांत्र आभाव शुरू भवार्भन कक्रम। जाहारल जिम श्रुरम क्रिक्स भारती छाहारक जायन चरतत अक कृष कुठतीर कहेगा গিয়া জিজ্ঞানা করিল, আপনি কি ইহার মধ্যে কোন দুষা দেখিতে পান > ঐ স্ত্রী প্রত্যুত্তর করিলেন, না, এই স্থানে : किछ्डे नाहे। भारत (प्रती उाहारक खना मूडे कुठतीएड লইয়া গিয়া জিজ্ঞাদা করিল, আপনি ইহার মধ্যে কি (कान वसु (प्रथिष्ठ भान? छिनि छेखुत कहिल्लन, ना এ স্থানেও কিছু নাই। তৃতীয় বার জিজাসিতা হইলে তিনি কিঞিৎ অসম্ভটা হটলেন। অনমূর ঐ দুঃশিনী মেরা বলিল, আপনি আমার সর্কায় দেখিলেন, আমার কিজুই নাই, কিন্তু ইহাতে কেন দুঃথিতা হইব? আমার অন্তঃকরণে এটি বাস করিতেছেন, এবং আমার সম্প্রে ম্বর্ণ আছে। আর আমার জন্যে এই অটল প্রতিক্রা হুইগাছে যে ষত দিন এই পৃথিবীতে থাকিব, ভঙ দিন আমাকে থাদা দত্ত হটকে, ও আমার কলের অভার हरेरव हा: यव प्रवंगास आग्न जानक जांव सर्व वक्षि (उट्डामग्र मक्टे भाउत।

৩। এক ধার্মিক পরিবারের বিষ্য়।

এক জন ধনহীন ধার্মিক ব্যক্তি শীতকালে সন্ধার সময়ে আপন ক্সী ও সন্তানদের সহিত অগ্নির নিকটে ক্রান্থা তাপ সেবন কালে তাহাদিগকে বলিল, মনুষ্যার্ম্ভা-দের মন্ত্রক রাথিবার স্থান ছিল সাই মান্থানাজ্যের এই খনন

चन्। श्रेमः १ चामात प्रत्न शिष्ट्रण । चारमता निर्शत शाशी হইলেও আমরা তাঁহা অপেকা অধিক সুথ প্রাপ্ত হই+ য়াছি ইহা বড় আশ্চর্যা। তাহাতে ভাঁহার জ্যেষ্ঠা কন্যা विना (र भिष्ठः, हेरा व्यामध्य वर्षे। उनु लारकव महिष्ठ क्लना कतिरल यमालि जापारम्ब शृह कुक्क्मीय ও श्रामा ঠকু নামান্য বোধ হয়, তথাপি আমাদের যে রূপ ম**ঞ্ল** बाह्य, घोष शेरकेत उक्त पड हिन मा। এই कथा समित्रा পৃথিণী বলিল, হে সারা, ডোমার এমত কথাতে আমার বড়ই আহলাদ হটল। এই শীতকালের রাত্রিতে আ-মুৱা এট ছোট ছবের মধ্যে থাকিতে কেমন দল্ভট্ট ছই! এব৭ ক্লান্তি বোধ হটলে শয়ন করিতে আমাদের শব্যা আছে: দেখানে গেলে শীত ও বাযুহইতে রক্ষা পাইয়া উফ হইয়া দুথে থাকিতে পারি। কিন্তু মনুষাপুত্রের মন্তক द्राधिवात स्नान्छ हिंन ना, हेरा विरवहना कतिरन श्राष्ट মন্ত্রের নিমিত্তে কৃতজ্ঞ হওয়া যে আমাদের কর্ত্তরা, ইহা সপুমাৰ বটে। আপন স্ত্রীর এট কথা শুনিযা গৃহস্থ এক জৰ বালককে কহিল, তুমি গামপুস্তক লইয়া গভ ৱৰি-বাবে উপদেশক যে গাত দেখাইয়াছিলেন ভাহা দেখিয়া পড়: আমরা দকলে ছাউচিষ্টে তাহা গান করিব। অনপ্তর পিতা মাতা ও मन्तान महाि ममस পরিবার উদ্যোগপুর্বক ঘ্রষাসন্তানের নির্ধনতা বিষয়ক গান করিতে লাগিল।

श श्रियुङ क त्रोन मार्क्त।

্ উক্ত পাদরী দাহেব বার্ছক্য কালে বলিলেন, অনাদন্ত প্লাক্ষের রায়ে অনুমিও নালা ন্যায়ে নানা প্রকার ক্লেখ পাইনাছি: কিন্তু ইশ্ব আমার প্রতি রে দক্ষণ অনুমুহ্
প্রক্রাণ করিবছেন, তাহা বিবেচনা করণ পূর্বক আমি
এই বিচার করিতে পারি যে আমার আমূর মধ্যে ষত
বৎসর গত হইয়াছে, তত বৎসর যদি পুনর্বার ষাপন
করিতে হয়, তবে আমার অবস্থার মধ্যে কেবল পাপ
দূরীকরণ ব্যতিরেকে আর কিছুরই পরিবর্ত্ত চাহি না।
আর আমার মৃত্যু ইইলে পরে আমার কবরের উপরে
এই লিপি স্থাপিত হইতে পারিবে; যথা, "এই স্থানে
যাহার দেহ শয়ান আছে দে পরম পালকের পালিত্ত
লোকদের মধ্যে এক জন ছিল। শিশ্বকালাবধি মাতৃপিতৃহীন হইলেও তাহার দুর্গতি কথন হয় নাই।"

৫। জামেকা উপদ্বীপস্থ এক জন হাপ্সির বিবরণ।

